



পরিদর্শকের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭



স্মারকঃ ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০১৬/৩২৭৪

তারিখঃ ২৮ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ
১২ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ফাজিল (স্নাতক) স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রসঙ্গে রায়নগর দারুল উলুম ইসলামিয়া আলিম মাদরাসা, ডাকঘরঃ রায়নগর, উপজেলাঃ কালুখালী, জেলাঃ রাজবাড়ী এর অধ্যক্ষের ২০.০৯.২০১৬ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সংক্রান্ত ক. ৫(৫.৩) ধারা মোতাবেক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের আলোকে অধিভুক্তি সংক্রান্ত ক. ৫ (৫.৪) ধারা এবং অধিভুক্তি কমিটির সভায় অনুমোদন অনুযায়ী নিম্নোক্ত শর্তে ১২.১১.২০১৭ খ্রি. তারিখ থেকে ১১.১১.২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য নির্দেশক্রমে উক্ত মাদরাসায় ফাজিল (স্নাতক) বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তসমূহ :

১. ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (স্নাতক) বি.এ কার্যক্রম চালু হবে।
২. শিক্ষক যেন মূল বই নিয়ে ক্লাসে পাঠদান করেন তা নিশ্চিত করতে হবে।
৩. বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স মোতাবেক কমিটি গঠন করতে হবে।
৪. আরবি ও ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৫. গ্রন্থাগার পাঠ সংশ্লিষ্ট এবং সৃজনশীল গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করতে হবে।
৬. শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পূর্বক ফলাফল আরো ভাল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. ফাজিল (স্নাতক) বি.এ স্তর পাঠদানের জন্য সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির উপস্থিতিতে দ্রুত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে হবে।
৮. ফাজিল (স্নাতক) বি.এ স্তর পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রণীত প্রস্তত করতে হবে।
৯. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম স্পষ্টভাবে বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।
১০. প্রাথমিক পাঠদানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

(প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী)
পরিদর্শক (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

রায়নগর দারুল উলুম ইসলামিয়া আলিম মাদরাসা
ডাকঘরঃ রায়নগর, উপজেলাঃ কালুখালী, জেলাঃ রাজবাড়ী।

স্মারকঃ ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০১৬/৩২৭৪

তারিখঃ ২৮ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ
১২ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেড ফ্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। সভাপতি, অত্র মাদরাসা।
- ৮। অফিস নথি।

স্বাক্ষরিত/
(প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী)
পরিদর্শক (ভারপ্রাপ্ত)